দৈনিক সংবাদ

195

তারিখ 2 8 JAN 1992
পৃষ্ঠা ১ কলাম ১

22

ছাত্রদল-ছাত্রলীগ বিরোধের জের

ওসমানী মেডিক্যাল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ

সিলেট, ২৭শে জানুয়ারি (জেলা বার্তা পরিবেশকের ফোন)— জাতীয়তাবাদী ছাত্রদল ও ছাত্রলীগ (আ-অ)-এর বিরোধকে কেন্দ্র করে সিলেট ওসমানী মেডিক্যাল কলেজ আজ থেকে অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। কর্তৃপক্ষ আজ সন্ধ্যা ৬টার মধ্যে ছাত্রদেরকে ছাত্রাবাস ত্যাগের নির্দেশ দিয়েছেন।

গতকাল রোববার রাতে সামান্য কথা কাটাকাটিকে কেন্দ্র করে ছাত্রদল ও ছাত্রলীগ (আ-অ) কর্মীদের মধ্যে কয়েক দফা ধাওয়া-পাল্টা ধাওয়া চলে। এ সময় ৩ রাউন্ড গুলিবর্ষণ ও কয়েকটি ককটেল বিস্ফোরণের শব্দ পাওয়া যায়। এতে কয়েকজন আহত হয়।

আজ শহীদ ডাঃ শামসুদ্দিন ছাত্রাবাসের একটি ও জিয়া ছাত্রাবাসের ১০/১২টি কক্ষ তছনছ হয়। কলেজ ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়েছে।

স